□□□□□ □□□□□□□□ (□□□□-□)
□□□□□□□□ □□□□□□□□

Job Category: Driving/Motor Technician

Job Source: □□□□□ □□□□□ □□□□

Job Summary

Posted On: 19 Nov 2024

Application Deadline:19 Dec 2024

বাংলাদেশ নৌবাহিনী

www.navy.mil.bd

বিজ্ঞপ্তি নং ২৩.০৯.২৬৮৬.১৪৬.১১.০৯৭.২৪.৪৪০৮

তারিখঃ ১৯ নভেম্বর ২০২৪

বাংলাদেশ নৌবাহিনীতে ড্রাইভিং সংশ্লিষ্ট বেসামরিক পদসমূহে জনবল নিয়োগ

১। বাংলাদেশ নৌবাহিনীর সাংগঠনিক কাঠামোভুক্ত ১৫তম ও ১৬তম গ্রেডের ড্রাইভিং সংশ্লিষ্ট নিম্নবর্ণিত বেসামরিক শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত বাসিন্দাদের নিকট থেকে যথাযথ আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন
ক।	এমটিটি (গ্রেড-১৪, বেতন স্কেল : ৯৭০০-২৩৪৯০)	৬১	(ক) অষ্টম শ্রেণি বা তদুর্ধ্ব মিনিমাম ফুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) ভারী যানবাহন চালনার লাইসেন্সধারী; এবং (গ) ভারী যানবাহন চালনায় ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা।	সকল জেলা
খ।	ইঞ্জিন ড্রাইভার (গ্রেড-১৫) (গ্রেড-১৪, বেতন স্কেল : ৯৭০০-২৩৪৯০)	০৪	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক ফুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) জাহাজ অথবা চালনায় লাইসেন্সধারী; এবং (গ) ভারী যানবাহন চালনায় ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা।	
গ।	ক্রেন ড্রাইভার (গ্রেড-১) (গ্রেড-১৪, বেতন স্কেল : ৯৭০০-২৩৪৯০)	০২	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক ফুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) ভারী যানবাহন চালনার লাইসেন্সধারী; এবং (গ) ভারী যানবাহন চালনায় ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা।	
ঘ।	ফর্ক লিফট ড্রাইভার (গ্রেড-১৫, বেতন স্কেল : ৯৭০০-২৩৪৯০)	০২	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক ফুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) ভারী যানবাহন চালনার লাইসেন্সধারী; এবং (গ) ভারী যানবাহন চালনায় ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা।	
ঙ।	লিফিং ফায়ারম্যান (গ্রেড-১৫, বেতন স্কেল : ৯৭০০-২৩৪৯০)	০৪	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক ফুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) ভারী যানবাহন চালনার লাইসেন্সধারী হতে হবে; এবং (গ) ভারী যানবাহন চালনায় ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা।	
চ।	ফায়ার ইঞ্জিন ড্রাইভার (গ্রেড-১৫, বেতন স্কেল : ৯৭০০-২৩৪৯০)	০৪	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক ফুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) ভারী যানবাহন চালনার লাইসেন্সধারী; এবং (গ) ভারী যানবাহন চালনায় ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা।	
ছ।	ইঞ্জিন ড্রাইভার (গ্রেড-১) (গ্রেড-১৬, বেতন স্কেল : ৯৩০০-২৩৪৯০)	০৫	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক ফুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) ভারী জলযান চালনায় লাইসেন্সধারী; এবং (গ) সংশ্লিষ্ট কাজে ৫(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা।	
জ।	ক্রেন ড্রাইভার (গ্রেড-১) (গ্রেড-১৬, বেতন স্কেল : ৯৩০০-২৩৪৯০)	০৬	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক ফুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) ক্রেন ড্রাইভিং এ লাইসেন্সধারী; এবং (গ) ভারী যানবাহন চালনায় ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা।	
	মোট=	৮৮		

২। প্রার্থীদের বয়স ১৯ ডিসেম্বর ২০২৪ তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এসএসসি প্রদানযোগ্য নয়;

৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে/অনুমতিসহ আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতিপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য হবে না।

৪। সশস্ত্র বাহিনী অথবা সরকারি চাকরি থেকে বহিষ্কৃত হলে আবেদন করা যাবে না।

৫। প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের তথ্যাদি যথা: প্রার্থীর নাম, জন্ম তারিখ, পিতা ও মাতার নামের সাথে শিক্ষা সনদ এবং অন্যান্য কাগজপত্রে উল্লিখিত তথ্যাদির সামঞ্জস্য থাকা আবশ্যক।

৬। আগ্রহী প্রার্থীকে অনুচ্ছেদ-৭ এ উল্লিখিত ছক অনুযায়ী আবেদনপত্র পূরণ করতঃ নিম্নবর্ণিত কাগজপত্রসহ ডাকযোগে আগামী ১৯ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে পরিচালক, বেসামরিক কর্মচারী পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা-১২১৩ ঠিকানায় পৌঁছাতে হবে। সরাসরি অথবা হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :

ক। শিক্ষাগত সনদের সত্যায়িত ফটোকপি, যেমন ড্রাইভিং লাইসেন্স/ভারী জলযান চালনার লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত ফটোকপি, অভিজ্ঞতার মূল সনদপত্রের সত্যায়িত ফটোকপি ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি;

খ। প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

গ। আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার পুত্র/কন্যা হলে প্রমাণস্বরূপ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র/সামরিক সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

ঘ। শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীনে জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় হতে প্রদত্ত পরিচয়পত্রের (ফোটো কার্ড) সত্যায়িত ফটোকপি;

ঙ। আবেদনকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

চ। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র/ছাড়পত্রের মূলকপি;

ছ। ৯ম বা তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত প্রার্থীর সম্প্রতি তোলা ০৮ (আট) কপি পাসপোর্ট আকারের ছবি;

জ। ৯ম বা তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

ঝ। চারিত্রিক সনদপত্রে এবং সত্যায়ন করার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার নামযুক্ত সীলসহ স্বাক্ষর থাকতে হবে;

ঞ। "পরিচালক, বেসামরিক কর্মচারী পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর" - এর অনুকূলে (বিএন সিভিলিয়ান রিক্রুটমেন্ট ফান্ড, হিসাব নং ০২১২৪৩৪০০০৩৮৭৯, সোনালী ব্যাংক লিমিটেড, নৌবাহিনী সদর দপ্তর শাখা, বনানী, ঢাকা- ১২১৩) ৯০০/- (দুইশত) টাকা জমা প্রদানকরতঃ জমাকৃত টাকার কপি মেমো (প্রাহকের কপি) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/প্রিজারী চালান গ্রহণযোগ্য নয়; এবং

ট। প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই শেষে সঠিক আবেদনপত্র প্রেরণকারী প্রার্থীদের লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান যথাসময়ে জানানো হবে।

৭। আগ্রহী প্রার্থীদেরকে নিম্নের তথ্যাবলী উল্লেখপূর্বক আবেদন করতে হবে:

(১) পদের নাম :
(২) বিজ্ঞপ্তির নম্বর : তারিখ: দি দি মা মা স স স স
(৩) প্রার্থীর নাম : বাংলায় :
ইংরেজিতে (বড় অক্ষরে):
(৪) জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর :
(৫) জন্ম তারিখ :
(৬) জন্ম স্থান (জেলা) :
(৭) বয়স (১৯ ডিসেম্বর ২০২৪ তারিখে) : বছর মাস দিন
(৮) মাতার নাম :
(৯) পিতার নাম :
(১০) ঠিকানা : বর্তমান | স্থায়ী
বাসা ও সড়ক (নাম/নম্বর) :
গ্রাম/পাড়া/মহল্লা :
ইউনিয়ন/ওয়ার্ড :
ডাকঘর :
পোস্টকোড নম্বর :
থানা/ উপজেলা :
জেলা :
(১১) মোবাইল: মোবাইল/টেলিফোন নম্বর: ই-মেইল (যদি থাকে):
(১২) জাতীয়তা :
(১৩) পুরুষ/ মহিলা (লিঙ্গ) :
(১৪) বৈবাহিক অবস্থা :
(১৫) ধর্ম :
(১৬) পেশা :
(১৭) শিক্ষাগত যোগ্যতা:

পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণি/বিভাগ

(১৮) অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):
(১৯) অভিজ্ঞতার বিবরণ :
(২০) কোটা (টিক দিন): মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | শারীরিক প্রতিবন্ধী | তৃতীয় লিঙ্গ
(২১) ড্রাইভিং লাইসেন্স নম্বর :
(২২) ভারী জলযান চালনার লাইসেন্স নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) :
(২৩) কর্ফ মেমো নম্বর: তারিখ: দি দি মা মা স স স স
ব্যাংক ও শাখার নাম:
(২৪) বিকলাঙ্গ প্রার্থী কিনা (টিক দিন) হাঁ | না | প্রযোজ্য নয়

আমি এই মর্মে অঙ্গিকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সনদপত্র ও প্রমাণক উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আমি আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ: দি দি মা মা স স স স প্রার্থীর স্বাক্ষর

৮। আবেদনপত্র প্রেরণের জন্য ব্যবহৃত খামের উপর পদের নাম, প্রার্থীর নিজ জেলার নাম ও কোটা (যদি থাকে) মোটা অক্ষরে স্পষ্টভাবে অবশ্যই উল্লেখ করতে হবে।

৯। আবেদনপত্রের সাথে আবেদনকারীর বর্তমান ঠিকানা সম্বলিত (যে ঠিকানায় পত্রালাপ করা হবে) ২৩ সে: মি: × ১১ সে: মি: মাপের ০২ (দুই)টি খাম অবশ্যই সংযুক্ত করতে হবে। প্রতি খামে ১২/- (বারো) টাকার ডাকটিকেট লাগানো থাকতে হবে।

১০। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল হিসেবে গণ্য হবে। এছাড়া মিথ্যা ও ভুল তথ্য প্রদান করে কেউ নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা চিহ্নিত হলে তার নিয়োগ বাতিল হিসেবে গণ্য হবে।

১১। আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ১৯ ডিসেম্বর ২০২৪। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য নয়।

১২। প্রার্থী নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১৩। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। কর্তৃপক্ষ বিভিন্নক্ষেত্রে উল্লিখিত পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং অনিবার্য কারণবশতঃ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল বা নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৫। নিয়োগ সংক্রান্ত বিষয়ে প্রকাশক চক্রের সাথে কোন প্রকার যোগাযোগ অথবা আর্থিক লেনদেন থেকে বিরত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

পরিচালক
বেসামরিক কর্মচারী পরিদপ্তর
নৌবাহিনী সদর দপ্তর,
বনানী, ঢাকা-১২১৩

আই এস পি আর/সৌ/ ২০২৪/১৬১
১৯/১১/২৪